

৭ ডিসেম্বরের মধ্যে পরীক্ষা শেষ করতে নির্দেশনা

নিম্ন প্রতিবেদক ▶

নির্বাচন কমিশনের নির্দেশনা অনুসারে সব পরীক্ষা এগিয়ে আনা হয়েছে। প্রাথমিক বিদ্যালয়ের বার্ষিক পরীক্ষা এবং প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের ভর্তি-পরীক্ষা আগামী ৭ ডিসেম্বরের মধ্যে সম্পন্ন করার উদ্যোগ নেওয়া হয়েছে। এ ছাড়া আগামী বুধবার পর্যন্ত হরতাল কর্মসূচি বিরোধী দল বর্ধিত করায় ১০ নভেম্বরের জেএসসি, জেডিসিসহ সব পরীক্ষা পেছানো হয়েছে।

হরতালের কারণে এ নিয়ে তৃতীয়বারের মতো জেএসসি ও জেডিসি পরীক্ষার সময়সূচিতে পরিবর্তন করতে হতো। সময়সূচি সঠিক হয়ে ▶▶ পৃষ্ঠা ১০ ক ৮

৭ ডিসেম্বরের

▶▶ শেষ পৃষ্ঠার পর

অওয়াজ এই সূচি পরীক্ষায় মাত্র এক দিনের পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। এর আগে দুই দফায় চারটি বিষয়ের পরীক্ষার তারিখ পরিবর্তন করতে বাধা হয় কর্তৃপক্ষ।

এদিকে প্রাথমিক বিদ্যালয়ের বার্ষিক পরীক্ষা ৭ ডিসেম্বরের মধ্যে শেষ করার জন্য নির্দেশনা জারি করেছে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। বার্ষিক শিক্ষাপত্র অনুসারে এই পরীক্ষা ৭ থেকে ১৮ ডিসেম্বরের মধ্যে সম্পন্ন করার কথা ছিল। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক শ্যামলকান্তি ঘোষ জানিয়েছেন, ৭ ডিসেম্বরের মধ্যে পরীক্ষা সম্পন্ন করার জন্য জেলা ও উপজেলা শিক্ষা কর্মকর্তাদের নির্দেশনা দেওয়া হয়েছে। যে অনুসারে তারা নিজ নিজ এলাকার জন্য পরীক্ষার সূচি তৈরি করবেন। প্রাথমিকের ভর্তি পরীক্ষাও এই সময়ের মধ্যেই সম্পন্ন করা হবে বলে তিনি জানান।

এদিকে মাধ্যমিক স্তরের পরীক্ষার অংশে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক অখ্যাপক জাহিদা খাতুন জানান, ভর্তি পরীক্ষা বাধে উন্নয়ন কেন্দ্রের পরীক্ষার শিডিউল ডিসেম্বরে নেই। তিনি জানান, নির্বাচন কমিশনের অনুরোধের পরিপ্রেক্ষিতে তাঁদের আওতাধীন শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর ভর্তি পরীক্ষা ডিসেম্বরের প্রথম সপ্তাহেই শেষ করার চিন্তাচর্চা চলছে। দু-এক দিনের মধ্যেই এ ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করা হবে। নির্বাচন কমিশন আগামী জাতীয় দল নির্বাচনের কাজে শিক্ষাপ্রতিষ্ঠানকে ব্যবহারের স্বার্থে সব ধরনের পরীক্ষা ডিসেম্বরের প্রথম সপ্তাহের মধ্যে শেষ করার জন্য শিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরকে অনুরোধ জানিয়ে চিঠি পাঠিয়েছিল। যে অনুসারে সব পরীক্ষা এগিয়ে আনা হচ্ছে।

১০ তারিখের পরীক্ষা হচ্ছে না : নতুন সময়সূচি অনুসারে ১০ নভেম্বরের জেএসসির পারিভাসিক শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ের পরীক্ষা আগামী ২২ নভেম্বর চতুর্থবার বিকল আড়াইটায় এবং জেডিসির বাংলা দ্বিতীয় পত্র ২০ নভেম্বর পশ্চিমবঙ্গ বিকল ২টায় অনুষ্ঠিত হবে। আন্তর্জাতিক কোর্স সময়সূচি সূত্রে গতকাল এ তথ্য জানা গেছে।

এদিকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে আগামী ১০ নভেম্বরের সব পরীক্ষাও চলিত করে নতুন সূচি ঘোষণা করা হয়েছে। এই দিনের চতুর্থ বর্ষ অনার্স পরীক্ষা ১৪ নভেম্বর, বিবিএ দ্বিতীয় বর্ষ চতুর্থ সেমিস্টার পরীক্ষা ১৫ নভেম্বর এবং প্রথম বর্ষ অনার্স পরীক্ষা ১৬ নভেম্বর অনুষ্ঠিত হবে। বিজ্ঞপিত তথা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে থেকে জানা যাবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের এক বিজ্ঞপিত পত্ৰকল এ তথ্য জানানো হয়েছে।

এদিকে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) অধীনের আয়োজিত ১২ ও ১৩ নভেম্বরের অনুষ্ঠিতব্য ৯ম মনোমুহুর্তি কর্মসূচি-২০১৪-এর বৈশিষ্ট্য পরীক্ষা চলিত করা হয়েছে। এই পরীক্ষা ১৪ ও ১৫ নভেম্বর অনুষ্ঠিত হবে। বিজ্ঞপিত তথা ইউজিসির ওয়েবসাইটে পরে জানা যাবে। ইউজিসির বিজ্ঞপিত এ তথ্য জানানো হয়েছে।